

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৬. সাক্ষাৎকারীর ইমামতি করা

باب إِمَامَةِ الزَّائِرِ

#### আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا أَبَانُ، عَنْ بُدَيْلٍ، حَدَّثَنِي أَبُو عَطِيَّةَ، مَوْلًى مِنَّا قَالَ كَانَ مَالِكُ بْنُ حُويْرِثِ يَأْتِينَا إِلَى مُصلَّانَا هَذَا فَأْقِيمَتِ الصَّلَاةُ فَقُلْنَا لَهُ تَقَدَّمْ فَصلِّه . فَقَالَ لَنَا قَدِّمُوا رَجُلاً مِنْكُمْ يُصلِّي بِكُمْ وَسَأُحَدِّثُكُمْ لِمَ لَا أُصلِّي بِكُمْ سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ زَارَ قَوْمًا فَلَا يَوُمَّهُمْ وَلْيَوْمَّهُمْ رَجُلٌ مِنْهُمْ " .

صحيح

#### বাংলা

ক্ষেড়। বুদাইল হতে আবৃ 'আত্বিয়্যাহ সূত্রে বর্ণিত। তিনি বলেন, মালিক ইবনুল হুয়াইরিস (রাঃ) আমাদের এই সালাতের স্থানে (মসজিদে) আসলেন। অতঃপর সালাতের ইকামাত(ইকামত/একামত) হলে আমরা তাকে সামনে গিয়ে সালাত আদায় করাতে বললাম। তিনি বললেন, তোমরা নিজেদের মধ্য হতে একজনকে ইমামতি করতে বল। আমি তোমাদের ইমামতি না করার কারণ সম্পর্কে তোমাদের একটি হাদীস শোনাব। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ কেউ কোন কওমের সাথে সাক্ষাৎ করতে গেলে সে যেন তাদের ইমামতি না করে। বরং তাদের মধ্য হতেই যেন কেউ ইমামতি করে।[1]

সহীহ।

### **English**

Abu 'Atiyyah, a freed slave of us, said:

Malik b. al-Huwairith came to this place of prayer of ours, and the iqamah for prayer was called. We said to him: Come forward and lead the prayer. He said to us: Put one of your own men forward to lead you in prayer. I heard



the Messenger of Allah() say: If anyone visits people, he should not lead them in prayer, but some person of them should lead the prayer.

## ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ কোনো সম্প্রদায়ের সাথে দেখা করতে গিয়ে ইমাম হওয়া উচিত নয়, হাঃ ৫৬, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), আহমাদ (৩/৪৩৬)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু আতিয়াা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন